**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 27-05-2025** **Desk in Charge : SDG**
**Time : 7-35 AM** **Compiling : DSS**
**DEO : KB** **NR : DSS**

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ নদীয়ার কালিগঞ্জ বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে বিজ্ঞপ্তি জারির মধ্য দিয়েই মনোনয়ন পত্র জমা দেবার কাজ শুরু হয়েছে।

২/ বিজেপি, দক্ষিণ ২৪ পরগণায় ভোটার তালিকায় বাংলাদেশিদের নাম অন্তর্ভুক্তির অভিযোগ সম্পর্কে সিবিআই তদন্তের দাবি জানিয়েছে।

৩/ চাকরিহারা শিক্ষকদের একাংশ বিকাশভবনে গতকাল শিক্ষা সচিব বিনোদ কুমারের সঙ্গে এক বৈঠক করেন। তবে তাঁরা নতুন করে পরীক্ষায় বসবেন না বলে, বৈঠকের পর স্পষ্ট জানিয়ে দিয়েছেন।

৪/ 'বাংলার বাড়ি' প্রকল্পে প্রথম কিস্তির টাকা পেয়েও যারা বাড়ি তৈরীর কাজে হাত দেননি, তাদের সমস্যার দ্রুত সমাধানে রাজ্য সরকার পঞ্চায়েত দপ্তরকে নির্দেশ দিয়েছে।

৫/ বাল্য বিবাহ রোধে ছেলে মেয়েদের একযোগে সচেতন করার ওপর জোর দিচ্ছে রাজ্য সরকার।

৬/ পশ্চিম মধ্য এবং সংলগ্ন উত্তর বঙ্গোপসাগরে ২৪ ঘন্টার মধ্যেই একটি নিম্নচাপ অঞ্চল তৈরি হওয়ার সম্ভাবনা। # এর জেরে আগামীকাল থেকে দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই ভারী বৃষ্টির পূর্বাভাস।

*****************************************************************************

নদিয়ার কালিগঞ্জ বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে বিজ্ঞপ্তি জারির মধ্যে দিয়ে মনোনয়নপত্র জমা নেওয়ার কাজ শুরু হয়েছে। চলবে আগামী সোমবার দোসরা জুন পর্যন্ত। পরের দিন অর্থাৎ, ৩রা জুন মনোনয়নপত্র গুলি পরীক্ষা করে দেখা হবে । নাম প্রত্যাহারের শেষ দিন- ৫ই জুন। জেলাশাসক, জেলা নির্বাচনী আধিকারিক এস অরুণপ্রসাদ গতকাল প্রশাসনিক ভবনে এক সাংবাদিক বৈঠকে জানান, এই বিজ্ঞপ্তি জারির সঙ্গে সঙ্গেই কালীগঞ্জ বিধানসভা কেন্দ্রে আদর্শ আচরণবিধি বলবত হয়েছে।

উল্লেখ্য, আগামী ১৯ শে জুন কালিগঞ্জ বিধানসভার উপনির্বাচনের ভোট গ্রহণ করা হবে। গণনা ২৩শে জুন। তৃণমূল কংগ্রেস বিধায়ক নাসিরউদ্দিন আহমেদের মৃত্যুতে এই আসনটি শূন্য হয়।

*************************

বিজেপি, দক্ষিণ ২৪ পরগণায় ভোটার তালিকায় বাংলাদেশিদের নাম অন্তর্ভুক্তির অভিযোগ সম্পর্কে CBI তদন্তের দাবি জানিয়েছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নেতৃত্বে বিজেপি পরিষদীয় দল, গতকাল রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের কাছে এক চিঠি দিয়ে এই দাবি জানান। পরে বিরোধী দলনেতা এক সাংবাদিক বৈঠকে অভিযোগ করেন, এই ঘটনায় শুধুমাত্র কোন একজন নয়, জেলাশাসক, এসডিও এবং পুলিশ প্রশাসনও জড়িত। শুধু দক্ষিণ চব্বিশ পরগনায় নয়, রাজ্যের বিভিন্ন প্রান্তেই শাসক দল ও আই প্যাকের প্রতিনিধি এবং শাসকদলের অনুগত বিডিওরা এই কাজে যুক্ত রয়েছে। একে বড় দুর্নীতি হিসেবে অভিহিত করে শুভেন্দু বাবু প্রশ্ন তোলেন, যেখানে পুলিশ প্রশাসন জড়িত, সেখানে পুলিশকে দিয়ে কেন তদন্ত করানো হবে ? অবিলম্বে এই ঘটনার তদন্তের দায়িত্ব সিবিআইকে দেওয়ার জন্য শ্রী অধিকারী দাবি জানান।

(বাইট – শুভেন্দু)

*************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী বৃহস্পতিবার এমাসের ২৯তারিখ, আলিপুরদুয়ার প্যারেড গ্রাউন্ডে এক জনসভায় যোগ দেবেন। নিরাপত্তা সহ একাধিক বিষয়ে প্রস্তুতি চূড়ান্ত পর্যায়ে। আলিপুরদুয়ার থেকে প্রধানমন্ত্রী রওনা দেবেন সিকিমে।

************************

চাকরিহারা শিক্ষকদের একাংশ সরকারের রিভিউ পিটিশনের খসড়া নিয়ে গতকাল বিকাশভবনে শিক্ষা সচিব বিনোদ কুমারের সঙ্গে এক বৈঠকে বসেন। শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু বৈঠকে উপস্থিত না থাকায় সেই নিয়ে তারা প্রশ্ন তোলেন। ওই সংগঠনের তরফে জানানো হয়েছে, চাকরীতে তাঁদের পুনর্বহাল করতে সরকার কি কি ব্যবস্থা নিচ্ছে, বৈঠকে তারা তা' জানতে চান। এছাড়া, রিভিউ পিটিশন খারিজ হয়ে গেলে সরকার কি পদক্ষেপ করবে, তা' নিয়েও প্রশ্ন জানান তারা। পরে সংগঠনের সভাপতি মৃন্ময় মন্ডল জানান, সুপ্রিম কোর্ট নতুন করে নিয়োগের নির্দেশ দিলেও, তাঁরা আর নতুন করে পরীক্ষায় বসবেন না। আইনি পথেই তাঁদের চাকরী সুনিশ্চিত করতে হবে সরকারকে। মুখ্যমন্ত্রী ও শিক্ষা মন্ত্রীর সঙ্গে দেখা করতে চেয়েও তারা চিঠি দিয়েছেন।

উল্লেখ্য, সুপ্রিম কোর্ট ৩১-শে মে-র মধ্যে নতুন নিয়োগের জন্য বিজ্ঞপ্তি জারি করার নির্দেশ দিয়েছে।

অন্যদিকে বিকাশভবনে চাকরিহারা শিক্ষকদের আন্দোলন ও অবস্থানের সময় গন্ডগোলের ঘটনায় চাকরিহারা শিক্ষক চিন্ময় মন্ডলকে পুলিশ গতকাল বিধাননগর উত্তর থানায় প্রায় আড়াই ঘণ্টা জিজ্ঞাসাবাদ করে। সরকারী সম্পত্তি নষ্ট, কর্মীদের জোর করে আটকানো সহ বিভিন্ন অভিযোগে স্বতঃপ্রণোদিত হয়ে বিধাননগর উত্তর থানার পুলিশ এই মামলা দায়ের করে। জেরার পর থানা থেকে বেরিয়ে চিন্ময় মন্ডল বলেন, সরকারি অফিসারকে ঘেরাও করে রাখা যদি অন্যায় হয়, তবে যাদের দোষে তাঁদের চাকরী হারাতে হল, তারা কি অপরাধী নয় ? আন্দোলন করেই তারা তাঁদের অধিকার আদায় করে নেবেন বলেও জানান তিনি

( বাইট- চিন্ময় মন্ডল শিক্ষক )

************************

'অপারেশন সিন্দুর' ও তার প্রেক্ষিতে তৃণমূল কংগ্রেসের চেয়ারপার্সন, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি কেন্দ্রীয় সরকারের কাছে যে বিশেষ সংসদীয় অধিবেশন ডাকার আবেদন জানিয়েছেন সেই আবহেই দলের সাংসদরা আজ এক বৈঠকে বসতে চলেছেন। নতুন দিল্লির সাউথ অ্যাভেনিউতে ওই বৈঠকে উপস্থিত থাকার জন্যে সংসদের দুই কক্ষের সদস্যদের নির্দেশ দেওয়া হয়েছে বলে তৃণমূল কংগ্রেস সূত্রে খবর।

তবে সর্বদলীয় প্রতিনিধি দলের সঙ্গে বিদেশে থাকায়, দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় বৈঠকে উপস্থিত থাকতে পারবেন না।

************************

ভারতীয় বীর সেনাদের কুর্নিশ জানিয়ে কংগ্রেস, কলকাতায় আজ 'সেনা সম্মান' পদযাত্রা করবে। দেশ জুড়ে কংগ্রেসের 'জয়হিন্দ সাবাশ সেনা সম্মান পদযাত্রা'-র অঙ্গ হিসেবে কলকাতায় পদযাত্রা করবে প্রদেশ কংগ্রেস। এই পদযাত্রা চলবে, উত্তর কলকাতায় স্বামী বিবেকানন্দের সিমলা স্ট্রিটের বাড়ি থেকে শুরু হয়ে কারগিল যুদ্ধে শহীদ ভারতীয় সেনাবাহিনীর ক্যাপ্টেন কণাদ ভট্টাচার্যের স্মৃতিবিজড়িত টালা এলাকা।

************************

শুধু সন্ত্রাসবাদী নয় দেশের ভিতরেও অনেক শত্রু রয়েছে যারা স্বাভাবিক উন্নয়নকে প্রতিরোধ করে দেশের ক্ষতি করতে চায় বলে বিশিষ্ট অভিনেতা অর্জুন চক্রবর্তী মন্তব্য করেছেন। আকাশবাণীকে তিনি বলেন, শহীদদের শ্রদ্ধা জানাতে ভারত যে ভূমিকা পালন করেছে তাকে কুর্নিশ জানাতেই হবে।

( বাইট- অর্জুন চক্রবর্তী )

************************

'বাংলার বাড়ি' প্রকল্পে প্রথম কিস্তির টাকা পেয়েও যারা বাড়ি তৈরির কাজে হাত দেননি তার কারণ খতিয়ে দেখে সমস্যার দ্রুত সমাধানের জন্যে রাজ্য সরকার, পঞ্চায়েত দপ্তরকে নির্দেশ দিয়েছে। কোনো উপভোক্তার নির্মাণ সামগ্রী কেনার ক্ষেত্রে সমস্যা হলে ব্লক স্তরে পঞ্চায়েত দপ্তরকে আরও সক্রীয় হয়ে তার সমাধান করতে হবে বলে মুখ্যসচিব মনোজ পন্থ, পঞ্চায়েত সচিব পি উলগানাথনকে নির্দেশ দিয়েছেন।

**********************

রাজ্য সরকার, বাল্যবিবাহ রোধে ছেলে-মেয়েদের একযোগে সচেতন করার ওপর জোর দিচ্ছে। কলকাতায় গতকাল এবিষয়ে ইউনিসেফ-এর রাজ্যস্তরীয় সভায় নারী, শিশু উন্নয়ন ও সমাজকল্যাণ মন্ত্রী ডঃ শশী পাঁজা বলেন, শুধু মেয়েরা নয়, ছেলেদেরও বাল্যবিবাহের কুফল বোঝানো প্রয়োজন। যাতে তারা নিজেদের বৈবাহিক বয়সের আগেই বিয়েতে উৎসাহ না পায়।

**********************

রাজ্য সরকার নতুন কেন্দ্রীয় আইন মেনে সাঁইথিয়া পুরসভার জন্য অধিগৃহীত জমির দাম হিসেবে প্রায় ১০ কোটি ৫৩ লক্ষ টাকা ক্ষতিপূরণ বাবদ জমির মালিককে দেবে। উল্লেখ্য, ১৯৮৬ সালে সাঁইথিয়া পুরসভার জন্য জমি অধিগ্রহণ করা হয় এবং সেই বাবদ ৮৩ হাজার টাকা পুরসভা রাজস্ব দফতরে জমা দিলেও, সেই টাকা জমির মালিককে দেওয়া হয়নি। এই গাফিলতির কারণেই রাজ্যকে এখন এই বিপুল পরিমাণ টাকা গুণতে হবে। সাঁইথিয়া পুরসভার আইনজীবী আশিষ কুমার চৌধুরী জানিয়েছেন, সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী রাজ্য সরকার এই অর্থ দিতে সম্মত হয়েছে।

**********************

পশ্চিম মধ্য এবং সংলগ্ন উত্তর বঙ্গোপসাগরে ২৪ ঘন্টার মধ্যেই একটি নিম্নচাপ অঞ্চল তৈরি হওয়ার সম্ভাবনা রয়েছে। এর ফলে দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই আগামীকাল থেকে ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। বাতাসে অত্যাধিক

পরিমাণে জলীয় বাষ্প এবং স্থানীয়ভাবে বজ্রগর্ভ মেঘ তৈরি হওয়ায়, কলকাতা সহ রাজ্যের প্রায় সব জেলায় ইতিমধ্যেই বৃষ্টি হচ্ছে।

**দক্ষিণ ২৪ পরগণার** নামখানা, সাগর, পাথরপ্রতিমা, কাকদ্বীপ সহ বিভিন্ন এলাকা টানা বৃষ্টিতে জলমগ্ন। আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন- ( ভিসি- গৌতম )

***********************

শিলিগুড়িতে ফারাবাড়ি নেপালি বস্তি এলাকায় হাতির আক্রমণে এক বয়স্ক মহিলা গুরুতর আহত হয়েছেন। স্থানীয় সূত্রে জানা গেছে, রবিবার রাতে একটি বুনো হাতি খাবারের সন্ধানে লোকালয়ে ঢুকে পড়ে তারপর অন্ধকারে আচমকা ওই মহিলার ওপর হামলা চালায়। স্থানীয়রা তড়িঘড়ি করে তাঁকে উদ্ধার করে শিলিগুড়ি জেলা হাসপাতালে ভর্তি করেন। তবে তাঁর অবস্থা আশঙ্কাজনক বলে জানা গেছে।

***********************

ধর্মতলা বাসস্ট্যান্ড থেকে কার্তুজ ও গুলি সহ গ্রেপ্তার রামকৃষ্ণ মাঝিকে গতকাল ব্যাঙ্কশাল আদালতে তোলা হলে চৌঠা জুন পর্যন্ত STF হেফাজতের নির্দেশ দেওয়া হয়। কেতুগ্রামের বাসিন্দা রামকৃষ্ণকে ১২০ রাউন্ড গুলি সহ গ্রেপ্তার করে কলকাতা পুলিশের STF ।

************************************************************************